

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০০]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ বর্শার দিকে ফিরে নামায আদায় করা

باب الصَّلاَةِ إِلَى الْعَنَزَةِ

আরবী

الله عَنْ أَنَسَ بْنِ مَالِكِ قَالَ: كَانَ النَّبِيُّ إِذَا خَرَجَ لِحَاجَتِهِ، تَبِعْتُهُ أَنَا وَغُلامٌ، وَمَعَنَا عُكَّازَةٌ، أَوْ عَصًا، أَوْ عَنَزَةٌ، وَمَعَنَا إِدَاوَةٌ، فَإِذَا فَرَغَ مِنْ حَاجَتِهِ نَاوَلْنَاهُ الإِدَاوَةَ. (بخارى: [[[]]

বাংলা

৩১১) আনাস বিন মালেক (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন প্রাকৃতিক প্রয়োজন পূরণ করার জন্য বাইরে যেতেন তখন আমি এবং একটি ছোট ছেলে তাঁর পিছনে পিছনে যেতাম। আমাদের সাথে থাকত ছোট একটি লাঠি এবং পানির পাত্র। তিনি প্রাকৃতিক প্রয়োজন শেষ করলে আমরা তাঁকে পানির পাত্রটি প্রদান করতাম।

টিকাঃ হাদীছে যদিও বর্শার দিকে ফিরে নামায আদায় করার কথা সরাসরি উল্লেখ নেই কিন্তু অন্য বর্ণনায় এসেছে তিনি লাঠি বা বর্শাকে সুতরা হিসাবে সামনে রেখে নামায আদায় করতেন। অত্র শিরোণামে বর্ণিত হাদীছ থেকেও পরোক্ষভাবে বুঝা যায় যে, লাঠি সাথে নিয়ে যাওয়ার অন্যতম উদ্দেশ্য ছিল তা সামনে রেখে নামায আদায় করা।

## **English**

To offer As-Salat (the prayer) using an 'Anaza (a spear-headed stick) (as a Sutra)

## Narrated Anas Ibn Malik:

Whenever the Prophet () went for answering the call of nature, I and another boy used to go after him with a staff, a stick or a short spear (or stick) and a tumbler of water and when he finished from answering the call of nature we would hand that tumbler of water to him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন